পরীক্ষা

# আলিমে এবারও ভালো ফল তা’মীরুল মিল্লাতের, জিপিএ-৫ পেয়েছে ১৩৬৩

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা



চলতি বছর যাত্রাবাড়ীর তা’মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা থেকে আলিম পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী *ছবি : আসাদুজ্জামান*

বরাবরের মতো এবারও আলিম পরীক্ষায় তা’মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসার শিক্ষার্থীরা ভালো ফলাফল করেছেন। স্বনামধন্য এ মাদ্রাসা শিক্ষাপ্রতিষ্ঠান থেকে চলতি বছর ১ হাজার ৩৬৩ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন। আর পাস করেছেন ২ হাজার ৯৫ জন শিক্ষার্থী।

By using this site, you agree to our Privacy Policy. OK

তা’মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসার অধ্যক্ষ মুহাম্মদ আবু ইউসুফ খান প্রথম আলোকে বলেন, ‘তা’মীরুল মিল্লাত প্রতিষ্ঠা পায় ১৯৬৩ সালে। প্রতিষ্ঠার পর থেকে এই মাদ্রাসার শিক্ষার্থীরা ভালো ফলাফল করে আসছে। আমাদের মাদ্রাসার প্রতিটি শিক্ষার্থীর ভালো ফলাফলের জন্য শিক্ষকদের নিরলস প্রচেষ্টা রয়েছে। পাশাপাশি শিক্ষার্থীরাও ভালোভাবে লেখাপড়া করে। মাদ্রাসা পরিচালনা পর্ষদসহ সবার তত্ত্বাবধানে ভালো ফলাফল করছে শিক্ষার্থীরা।’

বিজ্ঞাপন

ভালো ফলাফলের বিষয়ে তা’মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসার উপাধ্যক্ষ খলিলুর রহমান প্রথম আলোকে বলেন, এ মাদ্রাসার প্রত্যেক শিক্ষার্থীর সাফল্যের প্রধান কারণ হচ্ছে, ভর্তি হওয়ার পর প্রতিষ্ঠানের নিয়ম মেনে চলতে হয়। নিয়মিত পরীক্ষা নেওয়া হয়।
তা’মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা কর্তৃপক্ষের তথ্য বলছে, তা’মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসার প্রধান ক্যাম্পাস যাত্রাবাড়ীর মিরহাজারীবাগে। প্রধান ক্যাম্পাসে এ বছর ৪৩০ জন পরীক্ষার্থী অংশ নেন। এর মধ্যে পাস জিপিএ-৫ পেয়েছে ১৩৮ জন। আর তা’মীরুল মিল্লাতের গাজীপুরের টঙ্গী ক্যাম্পাস থেকে এ বছর আলিম পরীক্ষায় ১ হাজার ৪৮১ জন পরীক্ষার্থী অংশ নিয়েছেন। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছেন ১ হাজার ১০১ জন। আর যাত্রাবাড়ীর মাতুয়াইল মহিলা মাদ্রাসা ক্যাম্পাস থেকে ১৯৪ পরীক্ষার্থী আলিম পরীক্ষায় অংশ নেন। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছেন ১২৪ জন।

চলতি বছর যাত্রাবাড়ীর ক্যাম্পাস থেকে জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী ফারহান ফুয়াদ প্রথম আলোকে বলেন, তা’মীরুল মিল্লাতের আলিমে ভর্তি হওয়ার পর একটা নিয়মের মধ্যে যেতে হয়। প্রতি সপ্তাহে পরীক্ষা হয়। প্রত্যেক ২০ জন শিক্ষার্থীর জন্য একজন তত্ত্বাবধায়ক শিক্ষক থাকেন। একজন শিক্ষার্থী কী ফলাফল করছে, সেটি অভিভাবকদের জানাতে হয়। এভাবে কঠোর অনুশাসনের মধ্য দিয়ে একজন শিক্ষার্থী ভালোভাবে পড়াশোনা করতে বাধ্য হয়।

আর গত বছর তা’মীরুল মিল্লাতের তিনটি ক্যাম্পাস থেকে ২ হাজার ১১২ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে জিপিএ-৫ পায় ৮১১ জন পরীক্ষার্থী।

এবারের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষায় গড় পাসের হার ৮৫ দশমিক ৯৫। আজ বুধবার দুপুর পৌনে ১২টার দিকে কম্পিউটারের বোতাম চেপে প্রধানমন্ত্রী এ পরীক্ষার ফলাফল প্রকাশ করেন। গত বছরের ৬ নভেম্বর শুরু হয়েছিল এইচএসসি ও সমমানের পরীক্ষা। ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ড মিলিয়ে ১১টি শিক্ষা বোর্ডের অধীন মোট পরীক্ষার্থী ছিলেন ১২ লাখের কিছু বেশি।

By using this site, you agree to our Privacy Policy.

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.